

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৫০১

মোহনপুর, ৭ অক্টোবর, ২০২৪

এমজিএন রেগা

**লেফুঙ্গা ব্লকে ১,৬৪,৪০৯ শ্রমদিবস সৃষ্টি**

এমজিএন রেগায় চলতি অর্থবছরে লেফুঙ্গা ব্লকে এখন পর্যন্ত ১ লক্ষ ৬৪ হাজার ৪০৯ শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এজন্য ব্যয় হয়েছে ২ কোটি ৫৯ লক্ষ ৬৭ হাজার ২৭২ টাকা। এতে ব্লকের ৪,৪০১টি পরিবার কাজ পেয়েছে। এই কর্মসূচিতে ব্লকের ভিলেজগুলিতে জমি সমতলকরণ, নতুন গ্রামীণ রাস্তা নির্মাণ, পুরাতন রাস্তা সংস্কার সহ বিভিন্ন উন্নয়ন প্রকল্প রূপায়িত হয়েছে। লেফুঙ্গা ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*